গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৪.০০২.২২.১৮৯৮

তারিখ: ১৫/০৬/১৪৩১ বঙ্গাব্দ।
৩০/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ।

**অফিস আদেশ**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে এডিস মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, মাঠ পর্যায়ের রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়সহ সকল ইউনিটসমূহে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

ক। অফিস, সৈনিক ব্যারাক ও এর আশেপাশে যেসব জায়গায় পানি জমার সম্ভাবনা থাকে (প্রতিষ্ঠানের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসি'র পানি জমার স্থান, পানির বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, নারিকেলের মালা, গাড়ির টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ (এক) দিন পরপর পরিষ্কার করতে হবে।

খ। অব্যবহৃত পানির পাত্র ধ্বংস অথবা উল্টো করে রাখতে হবে যাতে পানি না জমে।

গ। কোন জায়গায় জমা পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমা পানি নিষ্কাশন করতে হবে।

ঘ। সাধারণত এডিস মশা দিনের বেলাতে কামড়ায়, তবে প্রকৃতি পরিবর্তনের ফলে বর্তমানে রাতেও কামড়াচ্ছে। তাই দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে ও মশার কামড় থেকে সতর্ক থাকতে হবে।

ঙ। ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনের জন্য কয়েল, কীটনাশক স্প্রে, এ্যারোসল ব্যবহার করতে হবে এবং সিটি কর্পোরেশন/পৌরসভার সাথে সম্মিলিতভাবে মশা নিধন কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

চ। অব্যবহৃত হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে; অব্যবহৃত লো কমোডের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।

ছ। ডেঙ্গু জ্বরে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

জ। জ্বরের কোন লক্ষণ দেখা দিলে সাথে সাথে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

ঝ। এই সময়ে যেকোন ধরণের জ্বর ও ব্যাথা হলে ব্যাথানাশক ঔষধ পরিহার করতে হবে।

ঞ। জ্বরে আক্রান্ত হলে চিকিৎসকের পরামর্শ সাপেক্ষে ডেঙ্গু সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।

ট। ডেঙ্গু জ্বর পজিটিভ হলে স্বাভাবিক খাবারের পাশাপাশি পর্যাপ্ত পানি ও তরল খাবার খেতে হবে।

ঠ। নিম্নলিখিত বিপদজনক লক্ষণ দেখা দিলে দ্রুত হাসপাতালে ভর্তি হতে হবে।

১। শরীরে কোন জায়গায় রক্তক্ষরণ হলে;
২। পর্যাপ্ত পানি খাওয়া সত্ত্বেও প্রসাবের পরিমাণ কমে গেলে;
৩। প্রচন্ড পেট ব্যাথা, বমি, পাতলা পায়খানা হলে;
৪।শ্বাসকষ্ট হলে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

৩০-০৯-২০২৪
মোঃ আবু বকর সিদ্দিক, বিভিএমএস
বিএডি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৭৫২৬
ই-মেইল: ddadmin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৪.০০২.২২.১৮৯৮

তারিখ: ১৫/০৬/১৪৩১ বঙ্গাব্দ।
৩০/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ।

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য।

২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

"

D:\Babul\Letter (a4)-2.docx

| | | |
|---|---|---|
| ৩। | ডেপুটি কমান্ড্যান্ট<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ..............................রেঞ্জ। | ” |
| ৫। | পরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর/কুমিল্লা/বরিশাল রেঞ্জ। | ” |
| ৬। | পরিচালক, ঢাকা মহানগর আনসার। | ” |
| ৭। | পরিচালক (সকল).......................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ” |
| ৮। | অধিনায়ক (সকল)<br>...............আনসার ব্যাটালিয়ন..........................................................। | ” |
| ৯। | অধিনায়ক<br>আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | ” |
| ১০। | অধিনায়ক<br>আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | ” |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১২। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা । | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৩। | উপপরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়..................................................। | ” |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | ” |
| ১৭। | সহকারী পরিচালক (সকল)...............................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ” |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২০। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য। |
| ২১। | অফিস/মাস্টার কপি। | |

৩০-০৭-২০২৪
উপপরিচালক (প্রশাসন)